**Questions no. 14. লিঙ্গ বৈষম্য সূচক বা Gender Inequality Index (GII) বলতে কি বোঝায়?**

**উওর:**

Gender Inequality Index (GII) হল এমন একটি সূচক, যা নারী ও পুরুষের মধ্যে স্বাস্থ্য, ক্ষমতা ও অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের পার্থক্য পরিমাপ করে। এটি উন্নয়নের ক্ষেত্রে লিঙ্গ বৈষম্যের মাত্রা প্রকাশ করে। সংক্ষেপে, GII দেখায় নারীরা কতটা পিছিয়ে আছে বা বৈষম্যের শিকার সমাজে।

GII সূচকের সূচনা হয়েছে জাতিসংঘের উন্নয়ন কর্মসূচি (UNDP)অঙ্গ হিসাবে ২০১০ সালে। এর কারণ, পুরনো GEM ও GDI সূচক নারীর বাস্তব অবস্থা, বিশেষ করে স্বাস্থ্য ও মাতৃত্ব সংক্রান্ত ঝুঁকি ও রাজনৈতিক অংশগ্রহণ, পুরোপুরি ধরতে পারছিল না। GII এই ঘাটতি পূরণ করে।

**GII-এর তিনটি প্রধান মাত্রা** :

GII লিঙ্গ বৈষম্যকে তিনটি বড় বিভাগে ভাগ করে:

**১. প্রজনন স্বাস্থ্য** :

**মাতৃমৃত্যুর হার** : প্রতি ১ লক্ষ জীবিত জন্মে কতজন মা মারা যান

**কিশোরী মাতৃত্বের হার**: প্রতি ১০০০ কিশোরী মায়ের সংখ্যা

**২. ক্ষমতায়ন** :

**সংসদে নারী প্রতিনিধিত্ব**

**মাধ্যমিক শিক্ষার স্তর**—১৮ বছর বা তার বেশি বয়সী নারী ও পুরুষদের মধ্যে মাধ্যমিক শিক্ষাগ্রহণের হার

**৩. শ্রমবাজারে অংশগ্রহণ**:

নারী–পুরুষের মধ্যে কর্মক্ষম বয়সে (১৫+ বছর) অর্থনৈতিক অংশগ্রহণের তুলনা

GII–এর স্কোর ০ থেকে ১ পর্যন্ত হয়।

০ পূর্ণ সমতা; কোনো লিঙ্গ বৈষম্য নেই

১ চরম বৈষম্য; নারীরা সম্পূর্ণভাবে বঞ্চিত

GII = ০.৭৫ → নারী–পুরুষের মধ্যে উচ্চমাত্রার বৈষম্য

GII = ০.৩০ → তুলনামূলকভাবে সমতাভিত্তিক সমাজ